

# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন



স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন কারা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন কারাগারের “ডিপ্লোমা নার্স” [১০ম গ্রেড] পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।

গণপ্রজাতন্ত্রী-বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

যে-কোনো ধরনের  
তদবির প্রার্থীর  
অযোগ্যতা হিসেবে  
বিবেচনা করা হবে।

নম্বর: ৮০.১০৬.০১১.০৪.৫৮.০২৭.২০১৭(অংশ-১)-১৫

তারিখ: ১৮ মাঘ ১৪২৮  
০১ ফেব্রুয়ারি ২০২২

## বিজ্ঞপ্তি

বিষয়: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন কারা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন কারাগারের “ডিপ্লোমা নার্স” [১০ম গ্রেড] পদের প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন কারা অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন কারাগারের “ডিপ্লোমা নার্স” [১০ম গ্রেড] [বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৪৮, বিজ্ঞপ্তির তারিখ : ১৭.০৪.২০১৯] পদের অনলাইনে আবেদনকারী এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে BPSC Form-5A [Applicant's Copy] জমাপ্রদানকারী যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে।

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম ও বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর	যোগ্য প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর	মোট প্রার্থী সংখ্যা
১৫.০২.২০২২ খ্রি: মঙ্গলবার সকাল- ১০.০০ মি:	“ডিপ্লোমা নার্স” [১০ম গ্রেড] [১৭.০৪.২০১৯ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তির ক্রমিক নং-৪৮]	রেজিস্ট্রেশন নম্বর: ০০০০২৮, ০০০১৮৪, ০০০৩৩৭, ৮০০০৫৮ = ০৪ জন।	০৪ জন


০২. মৌখিক পরীক্ষায় অনলাইনে রেজিস্ট্রেশনকালে ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে। মৌখিক পরীক্ষার জন্য প্রার্থীদের নিকট কমিশন হতে কোন আলাদা সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা নষ্ট হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

০৩. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের অতিরিক্ত ০১(এক) সেট BPSC Form-5A [Applicant's Copy] কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড পূর্বক নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত কপি সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে :

- প্রবেশপত্রের কপি;
- BPSC Form-5A [Applicant's Copy]
- বয়স প্রমাণের জন্য শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এস.এস.সি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। ‘ও’ লেভেল এবং ‘এ’ লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ;
- শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি;
- আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তন হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি করপোরেশন/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি;
- ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি;
- জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি ;
- বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি ;
- কোন সরকারি/স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্তশাসিত /সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি ;
- নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
- প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

অপর পৃষ্ঠা-২

০৪. উপরে অনুচ্ছেদ -৪ এর বর্ণিত উল্লিখিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষা বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।
০৫. প্রত্যেক ডকুমেন্টস এর উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে। উল্লিখিত সনদ/ডকুমেন্ট দাখিল করতে ব্যর্থ হলে কোন প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ দেয়া হবে না।
০৬. মৌখিক পরীক্ষার দিন কমিশন চত্বরে (ক্যান্টিনসহ) মোবাইল ফোন বা কোনো প্রকার যোগাযোগ যন্ত্রসহ প্রবেশ ও ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ এবং কর্ম কমিশনের কোন কর্মকর্তা/কর্মচারীর সাথে আলোচনা বা আলাপচারিতায় মিলিত হওয়া নিষিদ্ধ।
০৭. মৌখিক পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত: আধা ঘন্টা (৩০ মি:) পূর্বে সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই উপস্থিত হতে হবে। নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অনুপস্থিত প্রার্থীর পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ থাকবে না।
০৮. কোন প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের উল্লেখযোগ্য (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
০৯. প্রার্থীদের সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি আবশ্যিকভাবে অনুসরণপূর্বক সামাজিক দুরত্ব বজায় রাখতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মাস্ক পরিধান করে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

  
[ মোঃ নজরুল ইসলাম ]  
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার ]  
[যুগ্মসচিব]